



তৃতীয় অনুরোধ পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

আইন শাখা-১

পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)

সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা- ৫৭.০০.০০০০.০৪৬.০০২.০২২.১৭-৪৭৫

তারিখঃ ০৬ পৌষ ১৪২৭
২১ ডিসেম্বর ২০২০

বিষয়ঃ কনটেম্পট পিটিশন নং-২৪/২০১৮ (রিট পিটিশন নং- ১৪৫১/২০১৪, সিপিএলএ নং-৩৬১১/২০১৬ এবং সিএ নং-১৩৭/২০১৮ মামলা হতে উদ্ধৃত) মামলার গত ২৪/১১/২০১৯ তারিখের শুনানীয়স্ত্রে মহামান্য কনটেম্পট আদালত কর্তৃক প্রদত্ত আদেশের সার্টিফাইড কপিসহ টিএমইডি হতে ১০/১২/২০১৯ তারিখে ৬৫৩ নং স্মারকে প্রেরিত পত্রের উপর গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি সংক্রান্ত।

সূত্র: (১) বিজ্ঞ আইনজীবী জনাব সফিক মাহমুদ পুস্প পত্র তারিখ: ১১/১১/২০১৯ খ্রি
(২) টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০০২.০২২.১৭-৬৫৩, তারিখ: ১০/১২/২০১৯ খ্রি.
(৩) টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০০২.০২২.১৭-১৬, তারিখ: ০২/০১/২০২০ খ্রি.
(৪) টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০০২.০২২.১৭-৪০, তারিখ: ১৯/০১/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন কোনামালঞ্চা আমেনা দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: শফিকুর রহমান (ইনডেক্স নং-৩২৫৭১৪) কর্তৃক দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-২৪/২০১৮ (রিট পিটিশন নং- ১৪৫১/২০১৪, সিপিএলএ নং-৩৬১১/২০১৬ এবং সিএ নং-১৩৭/২০১৮ মামলা হতে উদ্ধৃত) মামলার বিষয়ে মহোদয় সূত্রোক্ত (১) নং স্মারকে বর্ণিত পত্রের মাধ্যমে জানান যে, মহামান্য আদালত কর্তৃক গত ১১/১১/২০১৯ তারিখে মৌখিকভাবে আদেশ দেন যে, জনবল কাঠামো কোন ক্রমেই আদালতের চেয়ে বেশি কার্যকরী নয়।

২। “মহামান্য আদালত কর্তৃক পুনরায় ব্যক্তিগত শুনানীর আদেশ প্রদান করতে চাইলে মহোদয় কর্তৃক ২ সপ্তাহের সময় প্রার্থনা করেন মর্মে তার সূত্রোক্ত (১) নং পত্রে উল্লেখ করেন। ফলে মহামান্য আদালত কর্তৃক তা মঞ্জুর করে আগামী ২০ তারিখের মধ্যে (২০/১১/২০১৯ মর্মে প্রতীয়মান) পিটিশনার এর বকেয়া প্রদানের আদেশ জারি না করলে কনটেম্পট পিটিশন নং-২৪/২০১৮ মামলার আগামী ২৪/১১/২০১৯ তারিখের শুনানীতে ব্যক্তিগত হাজিরার আদেশ প্রদান করবেন মর্মে উক্ত পত্রে উল্লেখ রয়েছে।

৩। তৎপরবর্তীতে মহোদয়ের মৌখিক অনুরোধের প্রেক্ষিতে উক্ত রিট পিটিশন নং-১৪৫১/২০১৪ মামলার ১৩/১২/২০১৫ তারিখের রায়ের বিরুদ্ধে দায়েরকৃত সিপিএল নং-৩৬১১/২০১৬ এবং উহা হতে উদ্ধৃত সিএ নং-১৩৭/২০১৮ মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য প্রয়োজনীয় তথ্যাদিসহ টিএমইডি হতে ১০/১২/২০১৯ তারিখে সূত্রোক্ত (২) নং সংখ্যক স্মারকমূলে মহোদয় বরাবর পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি উক্ত পত্রের উপর গৃহীত তথ্যাদিও জানা যায়নি।

৪। ইতোমধ্যে কনটেম্পট পিটিশন নং-২৪/২০১৮ মামলার গত ২৪/১১/২০১৯ তারিখের শুনানীয়স্ত্রে মহামান্য কনটেম্পট আদালত কর্তৃক প্রদত্ত আদেশের সার্টিফাইড কপি চেয়ে অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয় কর্তৃক একাধিকবার টেলিফোনিক অনুরোধ জানানো হলেও উক্ত আদেশের কপি মহোদয় টিএমইডিতে প্রেরণ -করা হয়নি। তাছাড়া টিএমইডি হতে ১০/১২/২০১৯ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকে প্রেরিত পত্রের উপর মহোদয় কর্তৃক গৃহীত ব্যবস্থার তথ্যাদিও জানা আবশ্যিক।

৫। এমতাবস্থায়, কনটেম্পট পিটিশন নং-২৪/২০১৮ (রিট পিটিশন নং- ১৪৫১/২০১৪, সিপিএলএ নং-৩৬১১/২০১৬ এবং সিএ নং- ১৩৭/২০১৮ মামলা হতে উদ্ধৃত) মামলার গত ২৪/১১/২০১৯ তারিখের শুনানীয়স্ত্রে মহামান্য কনটেম্পট আদালত কর্তৃক প্রদত্ত আদেশের সার্টিফাইড কপিসহ টিএমইডি'র ১০/১২/২০১৯ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকে প্রেরিত পত্রের উপর গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি গত ১০/০১/২০২০ তারিখের মধ্যে টিএমইডি -তে প্রেরণের জন্য সূত্রোক্ত (৪) নং স্মারকের মাধ্যমে মহোদয়কে অনুরোধ করা হয়েছিল। কিন্তু উক্ত মহোদয়ের নিকট হতে চাহিত তথ্যাদি অদ্যাবধি পাওয়া যায়নি বিধায় চাহিত তথ্যাদি আগামী ৩০/১২/২০২০ তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে তৃতীয় বারের মতো অনুরোধ করা হলো।

(মো: আ: খালেদ মিয়া) ২১/১২/২০২০
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

জনাব এস.কে. শফিক মাহমুদ পুস্প
শেখ শফিক মাহমুদ এন্ড এ্যাসোসিয়েটস, চেম্বারনং এ-৪ (৭ম তলা)
আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স, ৮৯ (পুরতন) বিজয়নগর, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।